



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ



আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১০২.২২-৮৯৩

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯

১৯ মে ২০২২

বিষয়: রিট পিটিশন নং ২৩২৪/২০২২-এর আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ২৩২৪/২০২২-এর ০৭/০৩/২০২২ খ্রিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলার সেলবরষ ইউনিয়ন পরিষদ নির্বাচনে ০৭নং ওয়ার্ডের নবনির্বাচিত সাধারণ আসনের সদস্য হিসেবে শপথ গ্রহণের বিষয়টিকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ছয় জনকে প্রতিপক্ষ করে পিটিশনার রিট পিটিশন নং ২৩২৪/২০২২ দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা নির্বাচন কর্মকর্তা, সুনামগঞ্জ।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২৩২৪/২০২২ মোকদ্দমার আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে... পাতা।

১৯-৫-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা নির্বাচন অফিসার

জেলা নির্বাচন অফিস, সুনামগঞ্জ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১০২.২২-৮৯৩/১(৪)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯

১৯ মে ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১৯-৫-২০২২  
মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারি সচিব